

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৫৯.০৫৯.২০১৫-৭৭০

তারিখ :

২৬ জ্যৈষ্ঠ, ১৪২৩  
০৯ জুন, ২০১৬


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আশরাফ আলী, ভাইস চেয়ারম্যান, নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত নবীগঞ্জ থানার মামলা নং-২১/২৬৬, তাং-১৭/০৯/২০১৪ [জি,আর ২৬৫/১৪(নবী)] মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ আশরাফ আলী, ভাইস চেয়ারম্যান, নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ -এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আশরাফ আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০


স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৫৯.০৫৯.২০১৫-৭৭০

তারিখ :

২৬ জ্যৈষ্ঠ, ১৪২৩  
০৯ জুন, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. চেয়ারম্যান, নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), নবীগঞ্জ উপজেলা পরিষদ, হবিগঞ্জ।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট / উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
১৩. জনাব মোঃ আশরাফ আলী, ভাইস চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), নবীগঞ্জ উপজেলা পরিষদ।
১৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব